গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪.১১৭৫

তারিখ : ০৫ কার্তিক, ১৪৩১
২১ অক্টোবর, ২০২৪

বিষয় : উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ অক্টোবর ২০২৪ বেলা ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২১/১০/২৪
(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল: ০১৭৭৪৪৩৪২৫৫
ই-মেইল: unonageswari@mopa.gov.bd

জনাব.................................................................
.........................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-
১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
২. অফিস নথি।

## উপজেলা পরিষদ মাসিক সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**তারিখ-২৮/১০/২০২৪**

| ক্রমিক নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| ৩. | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৫. | প্রশাসক, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৬. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬০৫৮২২৫৯ | |
| ৭. | উপজেলা কৃষি কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬৪৩৭৬৪৪ | |
| ৮. | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২৪১০৫৮০ | |
| ৯. | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২০৬১১৯৫ | |
| ১০. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৪০১৮৮৩৫ | |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫২২৬৬৬৬৪<br>01719547592 | |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮৯৩৪১৪৮ | |
| ১৩. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২৯৪০৭৮৩ | |
| ১৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৭৮৫৩৪৫৬ | |
| ১৫. | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬৯২৮৬৭৮ | |
| ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২০৩৫২১৫ | |
| ১৭. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯৫৪৭৭৮৮ | |
| ১৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 0১৬০৬৬৬৬৬28 | |
| ১৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬০৮৭১১০৫ | |

## উপজেলা পরিষদ মাসিক সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**তারিখ-২৮/১০/২০২৪**

| ক্রমিক নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৫৫০০৪২৫৪১ | ২৮/১০/২০২৪ |
| ২১. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭০০৭১৭১৬২ | |
| ২২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৭১৮৭৬৫৬ | ২৮/১০/২৪ |
| ২৩. | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর), নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৭৬৯৫৮৮৫ | |
| ২৪. | ~~সহকারী প্রোগ্রামার, আইসিটি~~, নাগেশ্বরী, কুড়িগ্রাম উপজেলা আইসিটি অফিসার | 01922226738 | |
| ২৫. | ইউ ডি জি এম পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬৯৪০০১৭৯ | |
| ২৬. | স্টেশন ~~মাস্টার~~ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭২৩৫২৫৬৯৩~~ 01901023342 | |
| ২৭. | ইসলামিক ফাউন্ডেশন, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৫৪১৯৮২০ | |
| ২৮. | কৃষি বিপণন, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৯. | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮৬৭৩০৮৭ | |
| ৩০. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫০৯৭৪১৩৩ | |
| ৩১. | উপজেলা পাট কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩২. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৫১০৭৪৫৪ | |
| ৩৩. | তথ্য আপা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01313704391 | Nasrun |
| ৩৪. | চেয়ারম্যান,রামখানা ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪৯৬৪২৯০ | ২৮/১০/২৪ |
| ৩৫. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৩৪৬৯৬৪৫ | |
| ৩৬. | চেয়ারম্যান,বেরুবাড়ী ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪৬৭৯২৬৮ | 28/10/24 |
| ৩৭. | চেয়ারম্যান,সন্তোষপুর ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯৮৫৯৪২০ | |
| ৩৮. | চেয়ারম্যান,নেওয়াশি ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২৭৩০১০৫ | |

## উপজেলা পরিষদ মাসিক সভায় সদস্যগণের উপস্থিতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**তারিখ-২৮/১০/২০২৪**

| ক্রমিক নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৯. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩৭৭৩২০৮ | |
| ৪০. | চেয়ারম্যান,বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৮০৯১৩৩৩০ | |
| ৪১. | চেয়ারম্যান,হাসনাবাদ ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪২৩০৬৭১ | |
| ৪২. | চেয়ারম্যান,কালীগঞ্জ ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৬১৮৯৮৭০ | |
| ৪৩. | চেয়ারম্যান,নুনখাওয়া ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬৩৬৯৭১৩ | |
| ৪৪. | চেয়ারম্যান,নারায়নপুর ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৬২৯৫৫৭৬ | |
| ৪৫. | চেয়ারম্যান,বল্লভেরখাস ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৩০৮৩৯৯২০ | |
| ৪৬. | চেয়ারম্যান,কচাকাটা ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৪৯৬৯০৬৪ | |
| ৪৭. | চেয়ারম্যান,কেদার ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫১৩৬৯৬৬৬ | |
| ৪৮. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৯. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৫০. | মো: আতিকুল ইসলাম UDF-UGDP | 01710044967 | ২৮/১০/২৪ |
| ৫১. | | | |
| ৫২. | | | |
| ৫৩. | | | |
| ৫৪. | | | |
| ৫৫. | | | |
| ৫৬. | | | |
| ৫৭. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
নাগেশ্বরী কুড়িগ্রাম

## উপজেলা পরিষদের অক্টোবর ২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সিব্বির আহমেদ, প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম |
| তারিখ | : | ২৮ অক্টোবর ২০২৪ |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। এরপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনাঃ উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের/দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | নাগেশ্বরী পৌরসভার কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নাগেশ্বরী পৌরসভা |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, বর্তমানে হাসপাতালে ডাক্তার সংকট, সেবা প্রদান ব্যহত হচ্ছে। সকলকে সহায়নুভূতির সহিত দৃষ্টি দেওয়ার অনুরোধ করেন। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, রোপা আমন মৌসুম চলমান রয়েছে। চলতি মৌসুমে ২৪৩৫০ হেক্টর জমিতে রোপা আমন চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সাম্প্রতিক বন্যার কোনো আশঙ্কা নাই। রবি মৌসুমের জন্য প্রান্তিক কৃষকদের মাঝে প্রণোদনার অংশ হিসাবে , গম, ভূট্টা, সরিষা, সূর্যমূখী, চিনাবাদাম, পিয়াজ, মগ, মুসুর, খেসারি, অরহর বীজ ও সার বিনামূল্য বিতরণ করা হবে। অগ্রাধিকার ভিত্তিতে তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রকৃত কৃষকগণ প্রত্যেককে এক প্রকার করে ফসলি বীজ প্রদান করতে হবে। একজন কৃষক যাতে কোনভাবেই একাধিক ফসলি বীজ না পায়। এ বিষয়ে সকলকে সজাগ থাকার পরার্মশ প্রদান করেন। | প্রনোদনার অংশ হিসেবে প্রাপ্যতার ভিত্তিতে সঠিকভাবে যাচাই-বাছাই করে একজন কৃষককে এক প্রকার ফসলি বীজ ও সার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা কৃষি অফিসার<br>৩। সংশ্লিষ্ট সকল |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। ০১ অক্টোবর/২০২৪ হতে উপজেলার ১৪টি ইউনিয়ন ও ০১টি পৌরসভায় ছাগল-ভেড়ার বিনামূল্যে ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হয়েছে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বিনামূল্যে পিপিআর ভ্যাকসিন প্রদানের জন্য মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান উপজেলার বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক কাজ চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, প্রাথমিক বিদ্যালয় সমূহের শিক্ষার মান নিশ্চিতে নিয়মিত মনিটরিং চলছে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, অত্র উপজেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মধ্যে কয়েকটি অনেক পুরাতন ও ব্যবহার অনুপোযোগী হওয়ায় পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া তিনি জানান জনবল সংকটের কারণে সেবা প্রদান কিছুটা ব্যহত হচ্ছে। বিনামূল্যে বিতরণের জন্য পর্যাপ্ত ওষুধ মজুদ আছে।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অত্র উপজেলায় ঝুকিপূর্ণ ও পরিত্যাক্ত মা ও শিশু কল্যাণ কেন্দ্র কয়টি আছে, তা নতুন তালিকা করে নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পরার্মশ প্রদান করেন। | এ বিষয় বিস্তারিত আলোচনান্তে ঝুকিপূর্ণ ও পরিত্যাক্ত মা ও শিশু কল্যাণ কেন্দ্র কয়টি আছে, তা নতুন তালিকা করে নিলামের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষা চলমান আছে। বর্তমান শিক্ষা কারিকুলাম পরিবর্তন করে নতুন শিক্ষা কারিকুলামের বিষয়ে কিছুদিনের সিদ্ধান্ত হবে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নাগেশ্বরী পৌরসভায় আগামী ০৫(পাঁচ) বছর ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন ওর্য়াডের ০৬টি স্থানের বিক্রয় কেন্দ্রে ডিলারশীপ পরিচালনার জন্য নতুন ডিলার নিয়োগ করা হবে। এবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ওমমএস ডিলার নিয়োগে সংশ্লিষ্ট যাচাই-বাছাই কমিটি স্বচ্ছতার সাথে ডিলার নিয়োগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৩। সংশ্লিস্ট যাচাই-বাছাই কমিটি |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, কোন ধরনের ভাতা বন্ধ হয়নি। বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতার টাকা পেতে একটু সময় লাগবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, সম্প্রতি অতি বৃষ্টি, বন্যার কারণে সৃষ্ট নদী ভাঙ্গন এলাকার ৭১৪জন গরীব দুঃস্থ অসহায় ব্যক্তিবর্গের মাঝে বিনামূল্যে ১০ কেজি হারে জিআর চাউল বিতরণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করা হবে। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে তা সভায় উপস্থাপন করা হবে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আগামী ০১ নভেম্বর/২০২৪ জাতীয় যুব উন্নয়ন দিবস উদযাপিত হবে। দিবসটি সফল ভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এ ছাড়া তিনি জানান ১৮-৩৫ বছর বয়সী শিক্ষিত ও অক্ষরজ্ঞান সম্পন্ন বেকার যুবকদের স্বাবলম্বী করার জন্য বিভিন্ন উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদানসহ ঋণ প্রদান কার্যক্রম চলমান আছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্যানিটারী ল্যাট্রিন প্রাপ্যতার ভিত্তিতে সুবিধাভোগীদের তালিকা প্রস্তুত চলমান রয়েছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৭। কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান, তিনি জানান লালমনিরহাট গ্রীড ও টগরাইহাট গ্রীড থেকে বিদ্যুৎ আসে। এর ফলে প্রয়োজনের তুলনায় পর্যাপ্ত বিদ্যুৎ পাওয়া যায় না। জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার জন্য প্রয়োজনীয় প্রচার-প্রচারনা করতে হবে। | ১। ডি,জি,এম কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৮। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, আগামী ০২ নভেম্বর/২০২৪ সমবায় দিবস উদযাপিত হবে। দিবসটি সফল ভাবে পালনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি জানান অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রায় ১২২টি নিবন্ধিত সমবায় সমিতি রয়েছে। ঋণ বিতরণে কোন প্রকার অনিয়ম দেখা দিলে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে জানানোর জন্য অনুরোধ জানান। | ঋণ বিতরণে কোন প্রকার অনিয়ম পাওয়া গেলে কঠোর পদক্ষেপ গ্রহন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে নতুন ভোটার হওয়ার জন্য অনলাইন আবেদন চলমান আছে। এছাড়া ভোটার স্থানান্তর কার্যক্রম চলমান আছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) | সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিয়ম বহির্ভূত ভাবে কেউ যাতে সেচ পাম্পের অনুমতি না পায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর লিস্টিং কার্যক্রম সমাপ্ত হয়েছে। মুল শুমারি কার্যক্রম ডিসেম্বর/২০২৪ এর মধ্যে শুরু হবে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | অর্থনৈতিক শুমারি ২০২৪ স্থায়ী শুমারি/জরিপ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্থায়ী শুমারি/জরিপ কমিটি সদস্য (সকল)<br>২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮। বিবিধ আলোচনা-১ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা কমপ্লেক্স, উপজেলা পরিষদ চত্বর, উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত সকল সরকারি অফিস, প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন এবং উপজেলা কোয়ার্টারের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। এর মধ্যে কয়েকটি সিসিটিভি ক্যামেরা অকেজো হওয়ায় নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে<br>এবং উপজেলা পরিষদ চত্বরের গুরুত্বপূর্ণ স্থানে আরো কিছু সংখ্যক সিসিটিভি ক্যামেরা স্থাপনের প্রয়োজন। নিরাপত্তার স্বার্থে নতুন সিসিটিভি ক্যামেরা ক্রয়ের জন্য ৩,০০,০০০/-(তিনলক্ষ)টাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের সিসিটিভি ক্যামেরা ক্রয় খাত হতে আরএফকিউ প্রকল্পের মাধ্যমে উক্ত ব্যয় নির্বাহের জন্য ৩,০০,০০০/-(তিনলক্ষ)টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| আলোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৮। বিবিধ আলোচনা-২ | চেয়ারম্যান, কচাকাটা ও বল্লভেরখাস ইউপি জানান যে, গাবতলা বাজার হতে ইন্দ্রগড় গামী ব্রীজ সংলগ্ন রাস্তা ভেঙ্গে গিয়ে জনগণের চলাচলে চরম দুর্ভোগের সৃষ্টি হচ্ছে। রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক,উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৩ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন, নাগেশ্বরী-ভুরুঙ্গামারী মহাসড়ক সংলগ্ন মুক্তমঞ্চের দক্ষিনে অবস্থিত ০৫(পাঁচ)টি দোকান ঘর ও জনস্বাস্থ্য অফিসের সামনের ০১(এক)টি দোকান ঘরের দীর্ঘদিন যাবত নবায়নকৃত কোন প্রকার চুক্তিনামা নাই। এছাড়া কিছু ব্যক্তি দীর্ঘদিন যাবত নিজ নামে দোকান ভাড়া নিয়ে, সেখানে ব্যবসা পরিচালনা না করে সর্ত ভঙ্গের মাধ্যমে সাব-লিজ প্রদান করেছে এর ফলে রাজস্ব আদায় ব্যহত হচ্ছে। রাজস্ব আদায়ের লক্ষ্যে উক্ত দোকান ঘর সমূহের পূর্বের সকল ধরনের ভাড়া বাতিল করে, দোকান ঘরে অবস্থানরত ব্যবসায়ীদের নিকট হতে জামানত গ্রহণ পূর্বক নতুন করে ভাড়া নির্ধারনসহ ইজারা চুক্তি সম্পাদনের জন্য সভায় অনুরোধ জানান।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমান সময়ে আশপাশের দোকান ঘর ভাড়া অনুযায়ী ইজারা চুক্তি ও জামানত বাবদ আদায়কৃত অর্থ উপজেলা পরিষদ জামে মসজিদ তহবিলে জমা রাখার পরার্মশ প্রদান করেন। জামানত বাবদ আদায়কৃত অর্থ মসজিদ কমিটি কোন ব্যয় করতে পারবেনা, জামানত প্রদানকৃত কোন ব্যবসায়ী দোকান ঘর ছেড়ে দিতে চাইলে উক্ত তহবিল হতে জামানত বাবদ জমাকৃত অর্থ ফেরত দেওয়া হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নাগেশ্বরী-ভুরুঙ্গামারী মহাসড়ক সংলগ্ন মুক্তমঞ্চের দক্ষিনে অবস্থিত ০৫(পাঁচ)টি ও জনস্বাস্থ্য অফিসের সামনের ০১(এক)টি দোকান ঘরের পূর্বের সকল ধরনের ভাড়া বাতিল করতঃ অবস্থানরত ব্যবসায়ীদের নিকট হতে জামানত গ্রহণ, নতুন করে ভাড়া নির্ধারনসহ চুক্তি সম্পাদন করতে হবে। জামানত বাবদ আদায়কৃত অর্থ উপজেলা পরিষদ জামে মসজিদ তহবিলে জমা রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৪ | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি জানান যে, মানিকেরঘাট গামী রাস্তায় দীর্ঘদিন যাবত ঝুকিপূর্ণ কাঠের সাঁকো দিয়ে পারাপার হচ্ছে, ব্রীজ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান ব্রীজ নির্মাণের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৫ | চেয়ারম্যান, কেদার ইউপি জানান যে, আয়নালের ঘাট হতে কচাকাটা বাজার গামী ব্রীজ সংলগ্ন রাস্তাটি ভেঙ্গে বেহাল হয়ে পড়েছে। এর ফলে প্রতিনিয়ত দূর্ঘটনা ঘটছে, রাস্তাটি সংস্কারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান। এবিষয়ে উপজেলা প্রকৌশলী জানান সরেজমিন পরির্দশন পূর্বক ৬৫,০০০/-(পয়ষট্টি হাজার)টাকার প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত রাস্তাটি সংস্কারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৬৫,০০০/-(পয়ষট্টি হাজার)টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৬ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের ০৬নং নন-গেজেটেড কোয়ার্টারটি ঝুকিপূর্ণ হওয়ায় যে কোন সময় দূর্ঘটনার সৃষ্টি হতে পারে। উক্ত কোয়ার্টারটি কনডেম ঘোষনার জন্য অনুরোধ জানান। এছাড়া কোয়ার্টার চত্তরের ভিতর অপ্রয়োজনীয় গাড়িপার্কিং গ্যারেজটি ভেঙ্গে ফেলা এবং উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের সামনের টয়লেটটি ব্যবহার হয় না, ভেঙ্গে ফেলে নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ০৬নং নন-গেজেটেড কোয়ার্টারটি কনডেম ঘোষনা করে স্থানীয় সরকার বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কোয়ার্টার চত্তরের ভিতর অপ্রয়োজনীয় গাড়িপার্কিং ভেঙ্গে ফেলা এবং উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অফিসের সামনের টয়লেটটি নিলামের সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৭ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের অফিস সরঞ্জামাদি সংকুলান না হওয়ায় কিছু সংখ্যক অফিস সরঞ্জামাদি ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান সরেজমিন তদন্ত পূর্বক ৩,০০,০০০/- ( তিন লক্ষ) টাকার প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। অফিস সরঞ্জামাদি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান,এ বিষয় বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অফিস সরঞ্জামাদি ক্রয় বাবদ ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-৮ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ কিছু অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত করার জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার প্রয়োজন। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত বাবদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

| ...লোচ্যসূচি/ প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৮। বিবিধ আলোচনা-৯ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বেরুবাড়ী ইউপির বেরুবাড়ী হাটের পাশে ইউড্রেনটি চলাচলের অনুপোযোগী ও ঝুঁকির্পূণ হওয়ায় নিলামের মাধ্যমে অপসারণ করা প্রয়োজনীয়। এ প্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন পূর্বক ১৬,৭৯১/-(ষোল হাজার সাতশত একানব্বই)টাকার প্রাক্কলিত নিলাম মূল্য নির্ধারন করা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক উক্ত ইউড্রেনটি নিলাম প্রক্রিয়ার মাধ্যমে অপসারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী |
| ২৮। বিবিধ আলোচনা-১০ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ কনফারেন্স রুম মেরামত করার অত্যান্ত জরুরী হয়ে পড়েছে। দীর্ঘদিন যাবত মেরামত না করায় সভা সেমিনার আয়োজনে সমস্যার সৃষ্টি হচ্ছে। এ প্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন পূর্বক ২৫,২১,০৫৮/-(পচিশ লক্ষ একুশ হাজার আটান্ন) টাকার প্রাক্কলণ প্রস্তত করা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান।<br>এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ কনফারেন্স রুম মেরামত করার জন্য পর্যাপ্ত র্অথ না থাকায়, উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের বিশেষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কনফারেন্স রুম মেরামত কারার লক্ষ্যে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলোর বিশেষ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য স্থানীয় সরকার বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। প্রশাসক উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২৪

(সিব্বির আহমেদ)
সভাপতি
ও
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

তারিখ : ১২ কার্তিক ১৪৩১ / ২৮ অক্টোবর ২০২৪

স্মারক নং: ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৪-১১২৮(৬০)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৬. উপজেলা ........................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৭. চেয়ারম্যান, ..............................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম
৮. জনাব ................................................................... নাগেশ্বরী, কুড়িগ্রাম
৯. অফিস কপি

২৮/১০/২৪

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম